



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং-বামাশিবো/প্রশাসন/চাপাইনবাবগঞ্জ-৫৬/ ৭৮


তারিখঃ ১৬.০৮.২০২০খ্রিঃ

বিষয়: সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা দাখিল প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চাপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলাধীন পলশা আলিম মাদ্রাসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত কাগজপত্রের ভিত্তিতে গত ১৬.০৬.২০২০খ্রিঃ তারিখে নং-বামাশিবো/প্রশা/৩২৮২০১২৪৫৮৩১/২৬৬২২/নথি নং- ৫৬ স্মারকে গভার্ণিং বডি'র অনুমোদন দেয়া হয়। মাননীয় সংসদ সদস্য জনাব মোঃ হাবুনুর রশীদ (৪৫, চাঁপাইনবাবগঞ্জ-৩) মাদ্রাসার অধ্যক্ষের বিরুদ্ধে কমিটি গঠনের ক্ষেত্রে সরকারি নির্দেশনা লংঘন করায় অনুমোদিত কমিটি বাতিলসহ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য একখানা ডিওপত্র প্রেরণ করেছেন। মাদ্রাসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, গভার্ণিং বডি'র সভাপতি মনোনয়নের লক্ষ্যে জনাব ফেরদৌসী ইসলাম, ৩৩৮ সংসদ সদস্য মহোদয়ের সুপারিশ গ্রহণ করা হয়েছে, যা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান- ৫(৩) অনুযায়ী বিধি সম্মত হয়নি।

এমতাবস্থায় স্থানীয় সংসদ সদস্যের সুপারিশ না নিয়ে কেন সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্যের সুপারিশ গ্রহণ করা হয়েছে তার সুস্পষ্ট লিখিত ব্যাখ্যাসহ প্রবিধান-৫(৩) অনুসরণ না করায় অনুমোদিত গভার্ণিং বডি কেন ভেঙ্গে দেয়া হবে না তার সন্তোষজনক জবাব আগামী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


২০.০৮.২০২০

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক: ১. অধ্যক্ষ, পলশা আলিম মাদ্রাসা, সদর, চাঁপাইনবাবগঞ্জ;


২. সভাপতি/সদস্যবৃন্দ- গভার্ণিং বডি, পলশা আলিম মাদ্রাসা, সদর, চাঁপাইনবাবগঞ্জ;

স্মারক নং-বামাশিবো/প্রশাসন/চাপাইনবাবগঞ্জ-৫৬/ ৭৮

তারিখঃ ১৬.০৮.২০২০খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ;
২. উপজেলা নির্বাহী অফিসার, সদর, চাঁপাইনবাবগঞ্জ;
৩. জেলা শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ;
৪. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।


২০/৮/২০২০
(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বো (প্রশাসন), ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪